অধ্যক্ষের কার্যালয়

# চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

তারিখ : ২৪/০২/২০২৫ খ্রি.

## বিজ্ঞপ্তি নং- ৪৪

ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের অনার্স-৪র্থ বর্ষ নিয়মিত, অনিয়মিত ও আংশিক পত্রের পরীক্ষার্থীদের পরীক্ষার ফরম পূরণের তারিখ, ফিসের হিসাব ও অন্যান্য নিয়মাবলী নিম্নে দেয়া হলো। এ পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। ফরম পূরণের সকল ক্ষেত্রে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

**ফরম পূরণের তারিখ ও ফিসের হিসাব নিম্নরূপঃ**

| বিষয় | ফরম পূরণ ফি | সেশন ফি ৪র্থ বর্ষের | সর্বমোট | গ্রেড উন্নয়ন/অকৃতকার্য |
|---|---|---|---|---|
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা (নিয়মিত) → | ৩৯০০ | ১৮৬৫ | ৫৭৬৫ | ০১ পত্র = ১০৫০/- |
| ঐ (অনিয়মিত সকল বিষয়) | ৪২০০ | ১৮৬৫ | ৬০৬৫ | ০২ পত্র = ১৩০০/- |
| সমাজকর্ম (নিয়মিত) → | ৪০০০ | ১৮৬৫ | ৫৮৬৫ | |
| ঐ (বিষয় অনিয়মিত) | ৪৩০০ | ১৮৬৫ | ৬১৬৫ | ০৩ পত্র = ১৫৫০/- |
| পদার্থবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, গণিত, (নিয়মিত) → | ৪০৫০ | ১৯৮৫ | ৬০৩৫ | ০৪ পত্র = ১৮০০/- |
| ঐ (অনিয়মিত সকল বিষয়) | ৪৩৫০ | ১৯৮৫ | ৬৩৩৫ | |
| ভূগোল ও পরিবেশ (নিয়মিত) → | ৪১৫০ | ১৯৮৫ | ৬১৩৫ | ০৫ পত্র = ২০৫০/- |
| ঐ (বিষয় অনিয়মিত) | ৪৪৫০ | ১৯৮৫ | ৬৪৩৫ | |
| রসায়নবিজ্ঞান (নিয়মিত) → | ৪৪৫০ | ১৯৮৫ | ৬৪৩৫ | |
| ঐ (অনিয়মিত সকল বিষয়) | ৪৭৫০ | ১৯৮৫ | ৬৭৩৫ | |

| | |
|---|---|
| ফরম পূরণের নিয়মাবলী : | ২০২৩ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অন-লাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে বিধায় পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.ems.nu.ac.bd অথবা www.nubd.info/formfillup এ প্রবেশ করে যথাযথভাবে রেজিস্ট্রেশন নম্বর ও সঠিক বিষয় কোড এন্ট্রি করে ২৪/০২/২০২৫ তারিখ হতে ০৬/০৩/২০২৫ তারিখের মধ্যে আবেদন ফরম ডাউন লোড করে প্রিন্ট নিতে হবে। বিষয় কোডে গড়মিলের কারণে পরীক্ষা সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। |
| ফি জমাদানের নিয়মাবলী : | নিয়মিত, অনিয়মিত সকল পত্রে ও আংশিক পত্রের পরীক্ষার্থীগণ বিকাশ অথবা নগদ অ্যাপস্-এ প্রবেশ করে পে-বিল অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর Student ID এর স্থলে পরীক্ষার্থী নিজের রেজিস্ট্রেশন নম্বর লিখে Month- February-25 Select করে পরীক্ষার ফিসের মোট টাকা সার্ভিস চার্জসহ (স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে আগামী ০২/০৩/২০২৫ তারিখ হতে ০৯/০৩/২০২৫ তারিখের মধ্যে Payment সম্পন্ন করতে হবে। Payment সম্পন্ন করার পর পরীক্ষার আবেদন ফরমের সঙ্গে Payment কপি সংযুক্ত করে ০২/০৩/২০২৫ তারিখ হতে ১০/০৩/২০২৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে জমা দেওয়ার মাধ্যমে ফরমপূরণের কাজ সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট বিভাগে পরীক্ষার আবেদন ফরম জমা না দিলে ফরমপূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে। উল্লেখ্য যে, পরীক্ষার আবেদন ফরমের Student's কপি ভবিষ্যৎ প্রয়োজনে পরীক্ষার্থীকে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে |
| পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী: | (ক) নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের যে সকল শিক্ষার্থী ২০২২ সালের অনার্স-৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে তারা ২০২৩ সালের অনার্স-৪র্থ বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। |
| | (খ) অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য: ২০১৬-২০১৭,২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল পরীক্ষার্থী অনার্স- ৪র্থ বর্ষ পরীক্ষায় এক বা একাধিক কোর্সে "F" গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে এবং ২০২২ সালের অনার্স-৩য় বর্ষ পরীক্ষায় Promoted হয়েছে তারা ২০২৩ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় ঐ সকল কোর্সে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। |
| | (গ) যে সকল শিক্ষার্থী ২০২২ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে CGPA প্রাপ্ত হয়েছে শুধুমাত্র তারাই C এবং D গ্রেড প্রাপ্ত দুটি পত্র ২০২৩ সালের অনার্স- ৪র্থ পরীক্ষায় CGPA উন্নয়নের জন্য অংশগ্রহণ করার সুযোগ পাবে। |
| বিশেষ পরীক্ষার্থী | শুধুমাত্র ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সের "F" গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) অথবা অনুপস্থিত পরীক্ষার্থীদের বিশেষ বিবেচনায় বিশেষ ফি প্রদান সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। এ ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোনো প্রয়োজন হবে না। উক্ত পরীক্ষার্থীদের বিশেষ ফি ৫৫০০/- টাকা । উল্লেখ্য যে, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণের ব্যর্থ হলে অথবা অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে অথবা ফরমপূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে পরবর্তীতে তারা কোনো অবস্থাতে পরবর্তী বছর পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। |

সিলেবাস : ২০২৩ সালের অনার্স-৪র্থ বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর নতুন সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ফলাফল : এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

২৪/০২/২০২৫

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

প্রফেসর এ.কে.এম [illegible]
অধ্যক্ষ ([illegible])
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অনুলিপি :

১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, চাঁ.স.ক।
৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, চাঁ.স.ক।
৪। কলেজ ওয়েব সাইট: www.chandpurcollege.edu.bd
৫। অফিস নথি।

N/E/Formfillup/H-4 2020

CamScanner